তারিখ 09 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

যুগান্তর

# সিরাজদিখানে কেন্দ্র সচিবকে দায়িত্ব থেকে অব্যাহতি

**সিরাজদিখান (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

মুন্সীগঞ্জের সিরাজদিখানে এসএসসি পরীক্ষায় ইছাপুরা মডেল উচ্চ বিদ্যালয়ের কেন্দ্র সচিব নাসির উদ্দিনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে। তিনি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক। নানা অনিয়মের কারণে গতকাল তাকে প্রত্যাহার করা হয়। জানা যায়, গত রোববার ইংরেজি ১মপত্র পরীক্ষা চলাকালে মুন্সীগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) হারুন-অর রশীদ কেন্দ্রটি পরিদর্শনে আসেন। এ সময় তিনি দেখেন, দুটি কক্ষে শিক্ষার্থীরা দেখাদেখি করে লিখছে। কোনো বিদ্যালয়ের দু'জন শিক্ষার্থীর একই বেঞ্চে পরীক্ষা দেয়ার নিয়ম না থাকলেও কেন্দ্র সচিব নিয়ম বহির্ভূতভাবে ওই বিদ্যালয়ের দু'জন করে শিক্ষার্থীকে একই বেঞ্চে পরীক্ষা দেয়ার ব্যবস্থা করেছেন। ইংরেজি পরীক্ষার সময় কোনো ইংরেজি শিক্ষকের পরীক্ষা হলে ডিউটি দেয়ার বিধান না থাকলেও কেন্দ্র সচিব ইংরেজি পরীক্ষা নিয়েছেন ইংরেজি শিক্ষক দিয়ে। তাছাড়া পরীক্ষা হলে ডিউটিরত শিক্ষকদের (ইনভিজিলেটর) পরিচয়পত্র বা আইডি কার্ড বুকে ঝুলানোর বিধান থাকলেও পরিদর্শনকালে অতিরিক্ত জেলা প্রশাসক তা শিক্ষকদের সঙ্গে দেখতে পাননি। সিরাজদিখান উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীনা পারভীন জানান, পরিদর্শন শেষে অতিরিক্ত জেলা প্রশাসক হারুন-অর রশীদ বিষয়টি জেলা প্রশাসক সাইফুল হাসান বাদলের নজরে আনেন। জেলা প্রশাসক সাইফুল হাসান বাদলের নির্দেশে ওই কেন্দ্রের কেন্দ্র সচিব ও ইছাপুরা মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দিনকে কেন্দ্র সচিবের পরীক্ষা চলাকালীন সব দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে তাকে প্রত্যাহার করা হয়। সিরাজদিখান উপজেলা নির্বাহী কর্মকর্তা রওনক আফরোজা সুমা ঘটনার সত্যতা স্বীকার করেছেন।